দৈনিক বাংলা

তারিখ 17 MAR 1988

পৃষ্ঠা ... কলাম ...



# এসএসসি পরীক্ষা আজ শুরু: ৪ বোর্ডে ৪ লাখ ১৬ হাজার পরীক্ষার্থী

(স্টাফ রিপোর্টার)

চারটি শিক্ষা বোর্ডের ১৯৮৮ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা আজ শুরু হচ্ছে। এবার চার বোর্ডের অধীনে সর্বমোট চার লাখ ১৬ হাজার ৬১ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নিচ্ছে। সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের সকল প্রস্তুতি ইতিমধ্যে সম্পন্ন হয়েছে।

ঢাকা বোর্ডের পরীক্ষার্থীর সংখ্যা সবচেয়ে বেশি। এ বছর এ বোর্ড থেকে এক লাখ ২৬ হাজার ১৬১ জন পরীক্ষা দিচ্ছে। কুমিল্লা বোর্ডের পরীক্ষার্থীর সংখ্যা হচ্ছে এক লাখ এক হাজার ৩৯৭ জন। রাজশাহী বোর্ড থেকে ৯৮ হাজার ৯৫৬ জন পরীক্ষায় অংশ নিচ্ছে। যশোর

(৫-এর পৃঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষা

(প্রথম পৃঃ পর)

বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা সবচেয়ে কম। এ বোর্ড থেকে মোট ৮৯ হাজার ৫৪৭ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অবতীর্ণ হচ্ছে।

চার বোর্ডের সর্বমোট পরীক্ষার্থীর মাঝে দু'লাখ ৮৬ হাজার ৪৬২ জন ছাত্র এবং এক লাখ ২৯ হাজার ৫৯৯ জন ছাত্রী। এ বছর চার বোর্ডের অধীনে সর্বমোট ৪৭৫টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে সাতটি বিদেশী কেন্দ্র রয়েছে।

পরীক্ষার প্রথম দিনে আজ বাংলা পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক জনাব দলিলউদ্দিন মন্ডল সুষ্ঠুভাবে এসএসসি পরীক্ষা অনুষ্ঠানে সহযোগিতা করার জন্যে সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানিয়েছেন।

### সংঘর্ষ : ফাঁকা গুলি : ট্রেন-বাস চলাচলে বাধা

# এসএসসি পরীক্ষা কেন্দ্র নিয়ে গুণবতী পাবনা চট্টগ্রামে হাঙ্গামা

(স্টাফ রিপোর্টার)

এসএসসি পরীক্ষার কেন্দ্র স্থাপন নিয়ে বুধবার কুমিল্লার গুনবতী, পাবনা এবং চট্টগ্রামে হাঙ্গামা হয়েছে। গুনবতী ও পাবনায় পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে আইনপ্রয়োগকারী সংস্থা ফাঁকা গুলি বর্ষণ করে। গুনবতীতে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে না বলে সরকার সিদ্ধান্ত নিয়েছেন। এই সিদ্ধান্তের প্রতিবাদেই ছাত্রদের বিক্ষোভ।

কুমিল্লা থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানান, এসএসসি পরীক্ষা কেন্দ্র পুনঃস্থাপনের দাবীতে বুধবার কুমিল্লা জেলার গুনবতী রেল স্টেশনে একদল ছাত্র বিক্ষোভ প্রদর্শন করে এবং স্টেশনে হামলা চালায়। তারা রেল লাইন উপড়ে ফেলে। ফলে সকাল সাতটা থেকে দুপুর একটা

(৫-এর পৃঃ দ্রঃ)

## পাবনা চট্টগ্রামে হাঙ্গামা

(প্রথম পৃঃ পর)

পর্যন্ত ঢাকা-চট্টগ্রাম রেল যোগাযোগ বন্ধ থাকে।

ছাত্রদের সঙ্গে রেল পুলিশের সংঘর্ষে পাঁচজন পুলিশ আহত হয়েছে বলে পুলিশ সুপার জানান। ছাত্রদের পক্ষে কেউ আহত হয়েছে কিনা তা তিনি জানাননি। রেল পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার উদ্দেশ্যে ছয় রাউন্ড ফাঁকা গুলি বর্ষণ করে।

জেলা প্রশাসক, পুলিশ সুপার ও কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ঘটনাস্থল পরিদর্শন করেন।

**গুনবতীতে এসএসসি পরীক্ষা হবে না**

ঢাকায় এক তথ্য বিবরণীতে বলা হয়, সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলার গুনবতীতে চলতি এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে না। উক্ত স্থানে উল্লিখিত পরীক্ষার কোন কেন্দ্র বা উপকেন্দ্রও থাকবে না। গুনবতীতে এসএসসি পরীক্ষাকে কেন্দ্র করে কতিপয় ব্যক্তির আইন শৃংখলার পরিপন্থী আচরন ও সংঘটিত ঘটনার পরিপ্রেক্ষিতে সরকার অনতিবিলম্বে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করে এই সিদ্ধান্ত নিয়েছেন।

এছাড়া গুনবতী হাইস্কুলকে সরকার প্রদত্ত সর্বপ্রকার আর্থিক সাহায্য ও সমর্থন প্রত্যাহার করার সিদ্ধান্তও গ্রহণ করা হয়েছে।

**পাবনা**

পাবনা থেকে আমাদের নিজস্ব প্রতিনিধি জানান, এসএসসি পরীক্ষার কেন্দ্র স্থাপন নিয়ে গোলযোগের এক পর্যায়ে মঙ্গলবার পাবনায় ছাত্র শিক্ষকদের উপর পুলিশের লাঠি চার্জের প্রতিবাদে ছাত্র সংগ্রাম পরিষদের ডাকে বুধবার শহরে অর্ধদিবস কর্মসূচী পালন করা হয়।

এ সময়ে এডওয়ার্ড কলেজ থেকে একটি মিছিল বের হয়ে কর্তব্যরত পুলিশের জীপের উপর ইটপাটকেল ও পটকা নিক্ষেপ কালে পুলিশ ৩ রাউন্ড ফাঁকা গুলি ছোড়ে। এতে আবদুল আজিজ (৩৫) নামে একজন পথচারী গুলিবিদ্ধ হন। তাকে সদর হাসপাতালে ভর্তি করা হয়। পাবনা থানা জানায় পুলিশ আত্মরক্ষার জন্য ফাঁকা গুলি করতে বাধ্য হয় তবে তাদের গুলিতে কেউ আহত হয়নি বলে দাবী করে।

**চট্টগ্রাম**

চট্টগ্রাম থেকে আমাদের স্টা[ফ] রিপোর্টার জানান, এসএসি[সি] পরীক্ষার কেন্দ্র স্থাপন নি[য়ে] চট্টগ্রামের ওয়াজেদিয়া হাইস্কুলে[র] বিক্ষুব্ধ ছাত্ররা বর্দবারি চট্টগ্রা[ম] মিউনিসিপ্যাল স্কুল ও চট্টগ্রা[ম] গভঃ গার্লস স্কুলে হামলা চালা[য়] ও ভাংচুর করে।

তারা মুরাদপুর রহমানরহা[ট] অক্সিজেন এলাকায় প্রায় ২০[টি] বাস ভাংচুর করে। এর প্রতিবা[দে] হাটহাজারী রাঙ্গামাটি এলাক[ায়] সকাল দশটা থেকে বাস চলা[চল] বন্ধ হয়ে যায়।

এছাড়া, কেন্দ্র বাতিল করে এ[ক] স্থানে নিয়ে আসার প্রতিবা[দে] বিভিন্ন উপজেলায় বিক্ষোভ প্রদ[র্]শিত হয়।